

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
এফ এম বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৪.৩৭.০৭৪.২৩ নথির বিষয়: Repair-maintenance of electric sub stations of different pump stations under MODS zone-8, DWASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: Repair-maintenance of electric sub stations of different pump stations under MODS zone-8, DWASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৮/৭/২৩ ৩:৪৯ অপরাহ্ন




মডস সার্কেল-২ এর আওতাধীন ৬৫৬ টির অধিক গভীর নলকূপের বৈদ্যুতিক ও যান্ত্রিক রক্ষণাবেক্ষন কাজ এফ.এম বিভাগ-২ এর মাধ্যমে করা হয়ে থাকে। মডস জোন-৮ এর অধীনে ৭৮টি পাম্প স্টেশনে ৩৫টি ডুয়াল কূপসহ মোট ১১৩টি গভীর নলকূপ চালু আছে। মডস জোন-৮ হতে পত্রের মাধ্যমে এবং অভিযোগ কেন্দ্র হতে বিভিন্ন সময় টেলিফোনের মাধ্যমে প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে উল্লেখিত পাম্পসমূহ পরিদর্শন করে বৈদ্যুতিক সাব স্টেশনের ড্রপ-আউট ফিউজ, লাইটনিং এরেষ্টর, এইচটি/এলটি ক্যাবল কোন জ্বলা পাওয়া গিয়াছে। চলমান বর্ষা মৌসুমে বেশ কিছু পাম্প স্টেশনের ট্রান্সফরমারের অভ্যন্তরে আগাছা ও গাছ জন্মেছে। ট্রান্সফরমারের অভ্যন্তরে আগাছা থাকলে এইচটি ফল্ট ঘটে ড্রপ আউট ফিউজ, লাইটনিং এরেষ্টর ও এইচটি ক্যাবল কোন জ্বলে যাওয়ার আশংকা থাকে। সে কারণে ডেসকোর মাধ্যমে ইলেকট্রিক লাইন শাট-ডাউন নিয়ে আগাছা/গাছ ক্লিনিং করার প্রয়োজন রয়েছে। যে সকল সাব-স্টেশনের ট্রান্সফরমারের বেষ্টনী ভাঙ্গা তা মেরামত করতে হবে। উল্লেখ্য যে ট্রান্সফরমারের বেষ্টনী ভাঙ্গা থাকলে বেজি, বিড়ালসহ অন্যান্য প্রাণী ট্রান্সফরমারের সংস্পর্শে এসে এইচটি ফল্ট ঘটে। আলোচ্য পাম্প-স্টেশনগুলোর মধ্যে বেশকিছু সাব-স্টেশন অনেক পুরাতন ও বেশ কয়েকটি পাম্পের এইচটি পোলের ড্রপ আউট ফিউজ ডাইরেস্ট/ন্যাকেড করা। যার ফলে ঝড়/বজ্রপাতের সময় সার্জ ভোল্টেজের কারণে ট্রান্সফরমার, এইচটি-এলটি ক্যাবল জ্বলে যেতে পারে। সাব-স্টেশনের ড্রপ আউট ফিউজ ও লাইটনিং এরেষ্টর যথাযথ আর্থিং-ওয়্যারিংসহ স্থাপন করার জন্য ডেসকো হতে সুপারিশ করা হয়। এলটি সাইডের সেফটি ডিভাইস হিসাবে এলটি কাঠের বোর্ড, কাট আউট/ফিউজ ডিসকানেস্টর/সার্কিট ব্রেকার প্রভৃতি স্থাপন/প্রতিস্থাপনের প্রয়োজন রয়েছে। কিছু পাম্প স্টেশনের এলটি কাঠের বোর্ড জ্বলা, কাট আউট, সার্কিট ব্রেকার ডাইরেস্ট করা আছে যেগুলো জরুরী ভিত্তিতে পরিবর্তন করা প্রয়োজন। সে কারণে উপরোক্ত বর্ণনা ও পরিদর্শন রিপোর্টের আলোকে মডস জোন-৮ এর আওতাধীন বিভিন্ন পানির পাম্পের ইলেকট্রিক সাব-স্টেশন মেরামত ও রক্ষণাবেক্ষন কাজ করার জন্য ঢাকা ওয়াসা ও পি.ডব্লিউ.ডি রেন্ট সিডিউল এবং পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে, যাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট= ৪,৯৬,১৫৭.১৪৪ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার একশত সাতান্ন দশমিক এক চার চার) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৩-২৪ ইং অর্থ বৎসরের অনুমোদিত বাৎসরিক ক্রয়-পরিকল্পনায় ক্রমিক নং-৩৩, প্যাকেজ নং- পি.ডব্লিউ-২৭ এ LTM(e-GP) অন্তর্ভুক্ত করা আছে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৮/৭/২৩ ৩:৫০ অপরাহ্ন




আলোচ্য কাজটি বিশেষ ধরনের বিধায় পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং বিধিমালা ২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-২ এর ৬৩ বিধি অনুযায়ী সীমিত দরপত্র LTM(e-GP) পদ্ধতিতে দরপত্র আহবান করে কাজটি সম্পন্ন করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৮/৭/২৩ ৩:৫৪ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Repair-maintenance of electric sub stations of different pump stations under MODS zone-8, DWASA কাজে উপস্থাপিত মোট= ৪,৯৬,১৫৭.১৪৪ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার একশত সাতান্ন দশমিক এক চার চার) টাকা মাত্র এর প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ সীমিত দরপত্র LTM(e-GP) পদ্ধতি এ দরপত্র আহবান করার অনুমোদন দেয়া যেতে পারে।


			
১৮/৭/২৩ ৪:৫৫ অপরাহ্ন মোঃ শরিফুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী এফ এম বিভাগ-২	১৮/৭/২৩ ৫:০৭ অপরাহ্ন মোঃ মাহবুবুল হক প্রামানিক সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) এফ এম বিভাগ-২	১৯/৭/২৩ ৩:০৫ অপরাহ্ন সুজন চন্দ্র বর্মণ নির্বাহী প্রকৌশলী এফ এম বিভাগ-২	১৯/৭/২৩ ৫:০৮ অপরাহ্ন মোঃ আরিফ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল
			১৯/৭/২৩ ৫:০৮ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৫/৭/২৩ ৬:৩৯ অপরাহ্ন**অনুমোদিত**


			
২৫/৭/২৩ ৬:৪০ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	২৫/৭/২৩ ৭:১৭ অপরাহ্ন সুজন চন্দ্র বর্মণ নির্বাহী প্রকৌশলী এফ এম বিভাগ-২	২৬/৭/২৩ ৯:৫০ পূর্বাহ্ন মোঃ মাহবুবুল হক প্রামানিক সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) এফ এম বিভাগ-২	২৬/৭/২৩ ১১:৩৫ পূর্বাহ্ন মোঃ শরিফুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী এফ এম বিভাগ-২

অনুচ্ছেদ: ১.৪

দরপত্র আহবানের ব্যবস্থা নিন।



সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২, ঢাকা ওয়াসা



নথি। ডিজিটাল নথি ব্যবস্থাপনা